

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৩১

১/ বিবিধ

আরবী

أجل، شيبتي (هو د) وأخواتها. قال أبو بكر: بأبي وأمي وما أخواتها؟ قال: (الواقعة) و (القارعة) و (سأل سائل) و (إذا الشمس كورت) و (الحاقة))  
ضعيف

أخرجه ابن سعد في " الطبقات " ( 1 / 435 ) وابن نصر في " قيام الليل " ( ص 58 ) من طريق أبي صخر أن يزيد الرقاشي حدثه قال: سمعت أنس بن مالك يقول: " بينما أبو بكر وعمر جالسان في نحر المنبر، إذ طلع عليهما رسول الله صلى الله عليه وسلم من بعض بيوت نساءه، يمسح لحيته، ويرفعها فينظر إليها، قال أنس، وكانت لحيته أكثر شيبا من رأسه، فلما وقف عليهما سلم، قال أنس: وكان أبو بكر رجلا رقيقا، وكان عمر رجلا شديدا، فقال أبو بكر، بأبي وأمي لقد أسرع فيك الشيب، فرفع لحيته بيده، فنظر إليها، وترقرقت عينا أبي بكر، ثم قال رسول الله صلى الله عليه وسلم ... " فذكره. قال أبو صخر: فأخبرت هذا الحديث ابن قسيط، فقال: يا أحمد! ما زلت أسمع هذا الحديث من أشياخي فلم تركت: الحاقة وما الحاقة؟ " . قلت: وهذا سند ضعيف، لأن يزيد هذا، هو ابن أبان ضعيف كما في " التقريب " . وقد روي عنه بلفظ: " شيبتي (هو د) وأخواتها: (الحاقة) و (الواقعة) و (عم يتساءلون) و (هل أتاك حديث الغاشية) " . أخرجه الواحدي في " تفسيره " ( 2 / 35 / 2 ) عن محمد بن يونس: حدثنا حاتم بن سالم القزاز حدثنا عمرو بن أبي عمرو العبدى حدثنا يزيد بن أبان

عن أنس بن مالك عن أبي بكر الصديق قال: " قلت يا رسول الله! عجل إليك الشيب، قال ... ": فذكره. قلت: وهذا إسناد هالك، محمد بن يونس الكديمي وضاع. وحاتم بن سالم القزاز لين أيضا وعمرو بن أبي عمرو العبدى لم أعرفه، ويحتمل أن يكون عمرو بن شمر، وهو متروك. راجع " الميزان ". نعم، قد صح الحديث من رواية ابن عباس مرفوعا دون ذكر (القارعة) و (سأل سائل) و (الحاقة) . وذكر مكانها: (هو د) و (المرسلات) و (عم يتساءلون) . وقد خرج في المصدر السابق

বাংলা

১৯৩১। হ্যাঁ, আমাকে (সূরা) হুদ ও তার বোনগুলো বৃদ্ধ করে দিয়েছে। আবু বাকর বললেনঃ আমার পিতা ও মাতা আপনার পথের উপর উৎসর্গিত হোক, তার বোনগুলো কোনগুলো? তিনি বললেনঃ সূরা ওয়াকিয়াহ, আলকারিয়াহ, সাআলা সায়েলুন, ইয়াশ শামসু কুব্বিরাত ও আল-হাক্বাহ।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু সা'দ "আতত্ববাকাত" গ্রন্থে (১/৪৩৫) ও ইবনু নাসর "কিয়ামুল লাইল" গ্রন্থে (পৃঃ ৫৮) আবু সাখর সূত্রে বর্ণনা করেছেন যে, ইয়াযীদ রুকাশী তাকে হাদীস বর্ণনা করে শুনিয়েছেন। তিনি বলেনঃ আমি আনাস ইবনু মালেক (রাঃ)-কে বলতে শুনেছি, আবু বাকর ও উমার (রাঃ) মিস্বারের উপর বসেছিলেন। এমতাবস্থায় রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের দু'জনের নিকট তার কোন এক স্ত্রীর ঘর থেকে বের হয়ে আসলেন, এমতাবস্থায় যে, তিনি তার দাড়ি নাড়ছিলেন এবং দাড়ি উঠিয়ে সেগুলোর দিকে তাকাচ্ছিলেন। আনাস বলেনঃ তার মাথার চুলের চেয়ে তার দাড়ি বেশী পাকা ছিল। যখন তাদের দু'জনের নিকট এসে দাঁড়ালেন তখন সালাম দিলেন। আনাস (রাঃ) বলেনঃ আবু বাকর (রাঃ) নরম মনের ব্যক্তি ছিলেন আর উমার শক্ত মনের ছিলেন। আবু বাকর বললেনঃ আমার পিতা-মাতা আপনার জন্য ফেদা হোক! আপনার চুল দ্রুতই পেকে যাচ্ছে। এরপর তিনি তার হাত দিয়ে দাড়ি উঠিয়ে দেখলেন আর আবু বাকর (রাঃ)-এর দু'চোখ দিয়ে অশ্রু ঝরতে লাগল। তখন রসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আবু সাখর বলেনঃ আমি এ হাদীসটি সম্পর্কে ইবনু কুসাইতকে সংবাদ দিলাম। তিনি বলেনঃ হে আহমাদ! আমি এখনও এ হাদীস আমার শাইখদের থেকে শুনিছি, তুমি কেন এটিকে ছেড়ে দিয়েছোঃ আলহাক্বাতু আমলহাক্বাতু?

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। কারণ ইয়াযীদ হচ্ছেন ইবনু আবান আর তিনি হচ্ছেন দুর্বল। যেমনটি হাফিয় ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। তার থেকে নিম্নের ভাষাতেও হাদীসটি বর্ণিত হয়েছেঃ

আমাকে হুদ এবং তার বোনগুলো বৃদ্ধ করে দিয়েছেঃ আলহাক্বাহ, আলঅকেয়াহ, আন্মা ইয়াতাসাআলুন ও হাল আতাকা হাদীসুল গাশিয়্যাহ।

এটিকে অহেদী তার “তাফসীর” গ্রন্থে (২/৩৫/২) মুহাম্মাদ ইবনু ইউনুস হতে, তিনি হাতেম ইবনু সালাম কাযযায় হতে, তিনি আমর ইবনু আবু আমর আবদী হতে, তিনি ইয়াযীদ ইবনু আবান হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে, তিনি আবু বাকর সিদীক (রাঃ) হতে বর্ণনা করেছেন।

তিনি বলেনঃ আমি বললামঃ হে আল্লাহর রসূল! আপনার নিকট পাকা চুল দ্রুতই এসে পড়েছে। তখন তিনি বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি হালেক (ধ্বংসপ্রাপ্ত)। কারণ মুহাম্মাদ ইবনু ইউনুস কুদাইমী জালকারী। আর হাতিম ইবনু সালাম কার্য্যায়ও দুর্বল।

আর আমর ইবনু আবু আমরকে আমি চিনি না। হতে পারে তিনি হচ্ছেন আমর ইবনু শামর। তিনি হচ্ছেন মাতরুক। দেখুন “আলমীযান” গ্রন্থে।

হ্যাঁ, হাদীসটি সহীহ হিসেবে ইবনু আব্বাস (রাঃ)-এর বর্ণনায় মারফু আলহাক্কাহ ছাড়া। সেগুলোর স্থলে হুদ, আলমুরসালাত ও আম্মা ইয়াতাসাআলুনকে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72814>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন